গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
রাজস্ব শাখা
www.rangpur.gov.bd

নম্বর : ০৫.৫৫.৮৫০০.০১০.০১.৩০৮.২৫. ৮০২/১(২৭)

তারিখ : ০৭ আষাঢ় ১৪৩৩
২১ জুন ২০২৬

**ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতিপ্রাপ্তির আবেদন দাখিলের জন্য দ্বিতীয় ধাপে বিজ্ঞপ্তি**

এতদ্দ্বারা নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন ব্যক্তি ও ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা সহায়তা প্রদানে অনুমতিপত্র পাওয়ার জন্য আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্দিষ্ট ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। আগামী ১৬/০৭/২০২৬ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর এর হেল্প ডেস্কে সরাসরি এসে আবেদন দাখিল করা যাবে। www. rangpur.gov.bd এর নোটিশ বোর্ড হতে প্রাপ্ত আবেদনপত্র ডাউনলোডপূর্বক কম্পিউটার কম্পোজকৃত আবেদনপত্র ও আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজপত্রসমূহ দাখিল করতে হবে।

আবেদনের যোগ্যতা:

১. আবেদনকারীর ন্যূনতম কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেটে ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। তবে, কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবাদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে;
২. ভূমিসেবা সহায়তা নির্দেশিকা ২০২৫-এ নিজ ব্যয়ে এলএসএফসি (ভূমিসেবা সহায়তা কেন্দ্র) স্থাপনের ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা থাকতে হবে;
৩. নিজস্ব ভূমি বা চুক্তিমূলে ন্যূনতম ২ বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা প্রয়োজন হবে;
৪. কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেটে ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার দেয়া হবে;
৫.সহায়তাকারী ও তাঁর নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোনোভাবেই ফৌজদারি অপরাধে চার্জশিটভুক্ত বা দন্ডপ্রাপ্ত ব্যক্তি হবেন না;
৬. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে;
৭. এলাকাভেদে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স থাকতে হবে;
৮. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও ন্যূনতম ১০ এমবিপিএস গতিসম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে;
৯. সরকার অনুমোদিত ডিজিটাল তথ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি-বিধানের অধীনে নাগরিকের উপাত্ত (Data) সুরক্ষা বিষয়ে সক্ষমতা থাকতে হবে;
১০. আবেদনকারীর আবেদনের সাথে আবেদনে বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে;
১১. আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১২. অনুমতিপত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নির্বাচিত সহায়তাকারী জেলা প্রশাসক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার সাথে নির্ধারিত ফরমে একটি চুক্তিপত্র স্বাক্ষর করবেন। চুক্তি স্বাক্ষরের পূর্বে নির্বাচিত সহায়তাকারী কর্তৃক ইউনিয়ন ও উপজেলা সদরের ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, পৌর এলাকার জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং সিটি কর্পোরেশনের জন্য ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ফেরতযোগ্য জামানত প্রদান করতে হবে;
১৩. উপজেলা/সার্কেল ভূমি অফিস বা ইউনিয়ন ভূমি অফিস চত্বরে এলএসএফসি স্থাপন করা যাবে না;
১৪. নির্ধারিত ১৬/০৭/২০২৬ তারিখের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না।

রংপুর সিটি কর্পোরেশনের যে সকল ওয়ার্ড এবং পৌরসভা ও ইউনিয়নে ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিল করা যাবে:

| ক্রমিক নং | সার্কেল অফিস/উপজেলার নাম | রংপুর সিটি কর্পোরেশনের যে সকল ওয়ার্ডে ভূমিসেবা সহায়তাকেন্দ্র স্থাপনের জন্য অনুমতিপ্রাপ্তির আবেদন করা যাবে | যে সকল পৌরসভায় ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের জন্য অনুমতিপ্রাপ্তির আবেদন করা যাবে | যে সকল ইউনিয়নে ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের জন্য অনুমতিপ্রাপ্তির আবেদন করা যাবে | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | রংপুর মহানগর রাজস্ব সার্কেল ভূমি অফিস, রংপুর | ০১, ০৩, ০৪, ০৫, ০৬, ০৭, ০৮, ০৯, ১০, ১১, ১২, ১৪, ১৫, ১৬, ১৭, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩ | - | - | |
| ০২ | উপজেলা ভূমি অফিস, কাউনিয়া | - | হারাগাছ পৌরসভা | ০১। সারাই ০২। কুর্শা ০৩। শহীদবাগ ০৪। হারাগাছ | |
| ০৩ | উপজেলা ভূমি অফিস, রংপুর সদর | - | - | ০১। মমিনপুর ০২। হরিদেবপুর ০৩। সদ্যপুষ্করিণী ০৪। খলেয়া | |

CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা ভূমি অফিস, গংগাচড়া | - | - | ০১। বেতগাড়ী ০২। কোলকোন্দ ০৩। লক্ষিটারী ০৪। মর্ণেয়া ০৫। আলমবিদিতর ০৬। নোহালী | |
| ০৫ | উপজেলা ভূমি অফিস, পীরগাছা | - | - | ০১। কল্যাণী ০২। ইটাকুমারী ০৩। কৈকুড়ী ০৪। কান্দি | |
| ০৬ | উপজেলা ভূমি অফিস, তারাগঞ্জ | - | - | ০১।ইকরচালী ০২। হাড়িয়াকুঠি | |
| ০৭ | উপজেলা ভূমি অফিস, মিঠাপুকুর | - | - | ০১। খোরাগাছ ০২। পায়রাবন্দ ০৩। ভাংনী ০৪। বালারহাট ০৫। কাফ্রিখাল ০৬। লতিবপুর ০৭। চেংমারী ০৮। ময়েনপুর ০৯। মিলনপুর ১০। গোপালপুর ১১। দুর্গাপুর ১২। মির্জাপুর ১৩। ইমাদপুর | |
| ০৮ | উপজেলা ভূমি অফিস, বদরগঞ্জ | - | বদরগঞ্জ পৌরসভা | ০১। রাধানগর ০২।গোপীনাথপুর ০৩। রামনাথপুর ০৪। দামোদরপুর ০৫। মধুপুর ০৬। গোপালপুর ০৭। কুতুবপুর ০৮। বিষ্ণপুর ০৯। লোহানীপাড়া ১০। কালুপাড়া | |
| ০৯ | উপজেলা ভূমি অফিস, পীরগঞ্জ | - | - | ০১। চৈত্রকোল ০২। বড়দরগাহ ০৩। টুকুরিয়া ০৪। বড় আলমপুর ০৫। রায়পুর ০৬। পাঁচগাছি ০৭। মিঠিপুর ০৮। রামনাথপুর ০৯। কাবিলপুর ১০। পীরগঞ্জ | |

২২/০৫/২০২৫

(আবু সাঈদ)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
রংপুর
ফোন: ০২৫৮৯৯৬১০৪৩ (অফিস)
মেইল: adcrrangpur@mopa.gov.bd

<u>অনুলিপি:</u> সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮- শহীদ তাজউদ্দিন আহমদ সরণি তেজগাঁও, ঢাকা
০৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর
০৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট), রংপুর
০৬. উপজেলা নির্বাহী অফিসার, ...........(সকল), রংপুর [ওয়েবপোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ করা হলো]
০৭. রেভিনিউ ডেপুটি কালেক্টর, রংপুর
০৮. সহকারী কমিশনার (ভূমি)............(সকল), রংপুর [ওয়েবপোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ করা হলো]
০৯. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, রংপুর (তাঁকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের কার্যালয়, রংপুরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
১০. অফিস কপি

CamScanner